

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৬৪.৫৮.০০৩.২১.২১

তারিখ: ৭ ভাদ্র ১৪২৮

২২ আগস্ট ২০২১

বিষয়: পৌরসভায় চুক্তিভিত্তিক/আউটসোর্সিং/মাস্টাররোল কর্মচারী সংক্রান্ত তথ্য প্রসংগে।

পৌরসভার সাংগঠনিক কাঠামো অনুসারে ৬টি পদে (সুইপার, সুইপার সুপারভাইজার, কেয়ারটেকার, মৌলভী, পুরেহিত ও ডোম) চুক্তিভিত্তিক কর্মচারী নিয়োগের সুযোগ রয়েছে। কিন্তু গত ১৬ আগস্ট, ২০২১ তারিখে মানিকগঞ্জ পৌরসভা হতে প্রেরিত প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, উক্ত পৌরসভায় ২৪৮ জন অস্থায়ী কর্মচারী কর্মরত। উল্লিখিত কর্মচারীগণ কোন কোন শাখায় কি কি কাজ করছেন তা নিম্নোক্ত ছক অনুযায়ী প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

ক্রমিক নং	চুক্তিভিত্তিক কর্মচারীর নাম ও পদবী	কোন শাখার জন্য নিয়োগ করা হয়েছে	কোন তারিখ হতে নিয়োগ করা হয়েছে	মাসিক ভাতার পরিমাণ
(১)	(২)	(৩)	(৪)	(৫)

০২। পৌরসভায় চুক্তিভিত্তিক/আউটসোর্সিং/মাস্টাররোল কর্মচারী বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য বলা হলোঃ

১. শুধুমাত্র সাংগঠনিক কাঠামোভুক্ত ৬টি পদ (সুইপার, সুইপার সুপারভাইজার, কেয়ারটেকার, মৌলভী, পুরেহিত ও ডোম) ব্যতিত অন্য কোন পদে অস্থায়ী/চুক্তিভিত্তিক/আউটসোর্সিং/মাস্টাররোল কর্মচারী নিয়োগ দেয়া যাবে না। উল্লিখিত পদসমূহ ব্যতিত বিধি বহির্ভূতভাবে নিয়োগকৃত অস্থায়ী কর্মচারীর নিয়োগ অনতিবিলম্বে বাতিল করে স্থায়ী সরকার বিভাগকে অবহিত করার জ্য অনুরোধ করা হলো।

২. সাংগঠনিক কাঠামোভুক্ত স্থায়ী পদের কর্মকর্তা/কর্মচারীদের বেতন এবং অস্থায়ী/চুক্তিভিত্তিক/আউটসোর্সিং/ মাস্টারোলে নিয়োগকৃত সুইপার, সুইপার সুপারভাইজার, কেয়ারটেকার, মৌলভী, পুরেহিত ও ডোম এর বেতন ব্যতিত অন্যান্য অস্থায়ী কর্মচারীদের বেতন প্রদান করা যাবে না;

৩. স্থানীয় সরকার বিভাগের অনুমোদন ব্যতিরেকে কোন স্থায়ী/অস্থায়ী কর্মচারী নিয়োগ করা যাবে না; এবং

৪. ১, ২ এবং ৩নং নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে ব্যর্থ হলে সকল প্রকার অনুদান/বরাদ্দ এবং উন্নয়ন প্রকল্পের কার্যক্রম স্থগিত রাখাসহ আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পত্র জারী করা হলো।

২২-৮-২০২১

ফারজানা মান্নান
উপসচিব

মেয়র,..... পৌরসভা

জেলা:.....।

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৬৪.৫৮.০০৩.২১.২১/১

তারিখ: ৭ ভাদ্র ১৪২৮
২২ আগস্ট ২০২১

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, নগর উন্নয়ন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ২) প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
- ৩) প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
- ৪) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৫) যুগ্মসচিব, নগর উন্নয়ন-২ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৬) উপসচিব, পৌরসভা-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৭) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৮) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯) অফিস কপি।

২২-৮-২০২১

ফারজানা মান্নান

উপসচিব